খাগড়াছড়িতে ডায়াবেটিস দিবস উপলক্ষ্যে র্যালি ও আলোচনা সভা

খাগড়াছড়ি প্রতিনিধি:

বিশ্ব ডায়াবেটিস দিবস ২০১৭ উপলক্ষ্যে র্যালি ও আলোচনা সভা করেছে খাগড়াছড়ি ডায়াবেটিক সমিতি।‘‘নারী ও ডায়াবেটিকস সুন্দর আগামীর অধিকার’’ এ শ্লোগানে মঙ্গলবার(১৪ নভেম্বর) সকাল ৯টার দিকে পৌর টাউন হল প্রাঙ্গণ থেকে বর্ণাঢ্য র্যালি বের করা হয়।

জনসচেতনতা সৃষ্টি করার লক্ষ্যে র্যালিটি শহরের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে জেলা শিল্পকলা একাডেমির প্রাঙ্গণে এসে শেষ হয়। পরে শিল্পকলা একাডেমির হল রুমে আলোচনা সভা করা হয়।

খাগড়াছড়ি ডায়াবেটিক সমিতিসহ সভাপতি প্রফেসর ড. সুধীন কুমার চাকমার সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ চেয়ারম্যান কংজরী চৌধুরী।

এসময় আরো বক্তব্য রাখেন, জেলা প্রশাসক রাশেদুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার এমএম সালাহউদ্দিন, সিভিলসার্জন ডা. মো. শওকত হোসেন, খাগড়াছড়ি সদর উপজেলা চেয়ারম্যান চঞ্চুমনি চাকমা প্রমুখ।